

জুলাই গণঅভ্যুত্থানে আহত ঢাবি শিক্ষার্থীদের পাশে সাদা দল

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

: সোমবার, ১৭ মার্চ ২০২৫



জুলাই গণঅভ্যুত্থানে আহত ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীদের পাশে দাঁড়িয়েছে জাতীয়তাবাদী শিক্ষকদের সংগঠন সাদা দল।

আজ সোমবার বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদ শিক্ষক লাউঞ্জে এক ইফতার মাহফিলে ঢাবির নয়জন আহত শিক্ষার্থী ও শহীদ দুই পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন ঢাবি উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম চৌধুরী, সাদা দলের আহবায়ক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খান, যুগ্ম আহবায়ক অধ্যাপক ড. আবদুস সালাম, যুগ্ম আহবায়ক অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকার, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মো. লুৎফর রহমান, ঢাবি প্রক্টর অধ্যাপক ড. মোঃ সাইফুদ্দিন, স্যার পি জে হার্টগ ইন্টারন্যাশনাল হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. মহিউদ্দিন প্রমুখ।

আর্থিক সহায়তা পাওয়া শিক্ষার্থীরা হলেন- বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সুমন মিয়া, দর্শন বিভাগের স্বপন মিয়া, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সাব্বির আহমেদ ও মুবাশিরুজ্জান হাসান, সমাজবিজ্ঞান বিভাগের মো: মনসুর রহমান ও আশিকুর রহমান, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালরানেবিলিটি স্টাডিজের (আইডিএমভিএস) ইশরাত জাহান ইমু এবং রসায়ন বিভাগের মোস্তাফিজুর রহমান ও মো: আরিফুল ইসলাম। এছাড়াও গণঅভ্যুত্থানে শহীদ দুই পরিবারও পেয়েছে আর্থিক সহায়তা। শহীদ কামাল মিয়ার স্ত্রী ফাতেমা এবং শহীদ মো: সাইফুল ইসলাম-এর মা মোসাম্মদ হায়াতুন নেসাকে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

এ বিষয়ে সাদা দলের আহবায়ক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খান বলেন, জুলাই বিপ্লবে নিহত ও আহতদের ঋণ আমরা কখনও শোধ করতে পারবো না। তাদের রক্তের বিনিময়ে আমরা স্বৈরাচার থেকে মুক্ত হয়েছি। আমরা তাদের পাশে আছি, সবসময় পাশে থাকবো।

সাদা দলের যুগ্ম আহবায়ক অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকার বলেন, জুলাই গণঅভ্যুত্থানে ঢাকা বিশ্ববিদ্যালয় সাদা দল সামনে থেকে নেতৃত্ব দিয়েছে। সেই সময় ছাত্রদের পাশে সাদা দল ছিলো, এখনও আছে, ভবিষ্যতেও ছাত্রদের যে কোন সহযোগিতায় সাদা দল পাশে থাকবে।